

চার বছরের ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং কোর্সের মেয়াদ ৩ বছর করার শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়েছে বাংলাদেশ সংগ্রাম পরিষদ সিলেট জেলা শাখা। একই সঙ্গে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাব্যবস্থায় বিদ্যমান সমস্যা নিরসনসহ ৪ দফা দাবি জানানো হয়। সিং দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সদস্য সচিব মো. আলমগীর হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনটির সিলেট জেলা শাখার আহ্বায়ক প্রশান্ত কুমার চৌধুরী, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) সিলেট জেলা শাখার সভাপতি মো. নজরুল হোসেন, সহসভাপতি মো. আবদুর রহিম, সাধারণ সম্পাদক রফিক উদ্দিন আহমেদ, অর্থ

সম্পাদক মো. জসীম উদ্দিন, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক মো. নজরুল ইসলাম, তথ্য ও গবেষণা সম্পাদক উজ্জ্বল কুমার দে, বিদ্যুৎ উন্নয়ন সিলেট শাখার সভাপতি মো. সাইদুর রহমান প্রমুখ।

লিখিত বক্তব্যে মা. আলমগীর হোসেন বলেন, ২০০০ সালে চারটি জাতীয় পর্যায়ের কমিটির সুপারিশ ও গবেষণা প্রতিবেদনের আলোকে তৎকালী ৪ বছরের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করেছিলেন। সম্প্রতি ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে জাতীয় শোক দিবসের আলোচনা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ৩ বছর করার চিন্তা করা হচ্ছে বলে জানিয়েছেন।